MAY 12 2002

দৈনিক ইনকিলাব

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৭ কলাম ৬

# ডিগ্রী পাস কোর্স থেকে ইসলামী শিক্ষা বাদ দেয়ার সিদ্ধান্ত জাতি মেনে নেবে না ইসলামী ছাত্রশিবির

**ষ্টাফ রিপোর্টার ঃ** ডিগ্রী পাস কোর্সের পাঠ্যক্রম থেকে ইসলামী স্টাডিজ বাদ দেয়ার প্রতিবাদ জানিয়ে বাংলাদেশ ইসলামী ছাত্রশিবিরের কেন্দ্রীয় সভাপতি নূরুল ইসলাম বুলবুল ও সেক্রেটারী জেনারেল মজিবুর রহমান মনজু এক যুক্ত বিবৃতি প্রদান করেন। বিবৃতিতে নেতৃদ্বয় বলেন, জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বিএসএস কোর্স থেকে ইসলামী স্টাডিজ বাদ দিয়ে বাংলাদেশের তৌহিদী জনতার সাথে বিশ্বাসঘাতকতা করেছে। মূলত আওয়ামী আমলে প্রতিটি সেক্টর থেকে ইসলামকে উৎখাত করার চক্রান্ত শুরু হয়েছিল। বর্তমান প্রশাসনের মধ্যে লুকিয়ে থাকা আওয়ামী বাকশালীদের এজেন্টরা তা আজ বাস্তবে রূপদান করেছে। নেতৃদ্বয় বলেন, চারদলীয় ঐক্যজোট সরকারের ভাবমূর্তিকে ক্ষুণ্ন করার জন্য প্রশাসনের মধ্যে লুকিয়ে থাকা আওয়ামী বাকশালীদের এজেন্টরা জাতীয় বিশ্ববিদ্যালয়ে অনার্স ১ম বর্ষে ভর্তির ক্ষেত্রে একশত মার্ক ও দুই শত মার্ক-এর একটা ধূম্রজাল সৃষ্টি করে মাদ্রাসা ছাত্রদের সুকৌশলে ভর্তি থেকে বাদ দেয়ার চক্রান্ত করেছিল। ইসলামী ছাত্রশিবিরসহ প্রতিবাদী ছাত্রদের প্রতিবাদের মুখে কর্তৃপক্ষ সেই সিদ্ধান্ত বাতিল করতে বাধ্য হয়।